

কালের কণ্ঠ

১০ মার্চ, ২০১৯

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়

আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে উইমেন পিস
ক্যাফের উদ্বোধন



বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ে আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে উইমেন পিস ক্যাফের উদ্বোধন করা হয়েছে। আজ রবিবার ক্যাম্পাসে ব্র্যাক বিশ্ববিদ্যালয় সেন্টার ফর পিস

এ্যান্ড জাস্টিস এবং বিশ্ববিদ্যালয়ের যৌথ আয়োজনে এক আড়ম্বর পরিবেশে নারী শিক্ষার্থীদের উইমেন পিস ক্যাফের উদ্বোধন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের ড. ওয়াজেদ রিসার্চ এ্যান্ড ট্রেনিং ইনস্টিটিউট এর পরিচালক ও ভাইস-চ্যান্সেলর প্রফেসর ডক্টর নাজমুল আহসান কলিমউল্লাহ। বিশেষ অতিথি ছিলেন ইউএন ওমেন-এর কান্ট্রি রিপ্রেসেন্টেটিভ সোকো ইশিকাওয়া এবং ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি ও সমাজবিজ্ঞান বিভাগের প্রফেসর ড. সামিয়া হক।

এতে অন্যান্যদের মাঝে এ সময় উপস্থিত ছিলেন ড. ওয়াজেদ রিসার্চ এ্যান্ড ট্রেনিং ইনস্টিটিউট এর বোর্ড অব গভর্নস-এর সদস্য ড. সাবের আহমেদ চৌধুরী, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল প্রভোস্ট জনাব তাবিউর রহমান প্রধান, ইউএন ওমেন এর কর্মকর্তা আসুকা মুরাতা, ব্র্যাক বিশ্ববিদ্যালয় সেন্টার ফর পিচ এ্যান্ড জাস্টিস এর গবেষণা সমন্বয়ক মুহাম্মদ বদিউজ্জামানসহ প্রতিষ্ঠানটির অন্যান্য ব্যক্তিবর্গ।

সকালে বিশ্ববিদ্যালয় প্রশাসন ভবনে উইমেন পিস ক্যাফের উদ্বোধনের পর ‘নারী উদ্যোক্তা প্রশিক্ষণ’ সম্পন্নকারী সকল শিক্ষার্থীবৃন্দ একটি শোভাযাত্রায় অংশ নেয়। পরে সফলভাবে প্রশিক্ষণ সম্পন্নকারীদের ১ম এবং ২য় স্থান অধিকারী আইডিয়া উদ্ভাবনকারী শিক্ষার্থীদেরকে আইডিয়া বাস্তবায়নের জন্য ইউএন ওমেন এর পক্ষ থেকে সিড মানি প্রদান করা হয়।

উল্লেখ্য, এই বিশ্ববিদ্যালয়ে প্রথমবারের মতো প্রতিষ্ঠিত এই ক্যাফের মাধ্যমে নারীর ক্ষমতায়ন, নারীদের উদ্ভাবনী চিন্তার প্রয়োগ-পরিচালনা এবং নারী উদ্যোক্তা তৈরিতে একটি সৃষ্টিশীল প্লাটফর্মের কাজ করবে।